

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
.....
অতএব যারা কাফের হয়েছে,
তাদেরকে আমি কঠিন শাস্তি
দেবো দুনিয়াতে এবং আখেরাতে-
তাদের কোন সাহায্যকারী নেই।
সূরা আল ইমরান ৫৬

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে  
বিশ্বমানের সিমেন্ট  
শ্রদ্ধেশ্বর সিমেন্ট  
ইস্রাইলের মরুভূমি থেকে



সেবা : ০২১১০০৬৬৬৬৬, ০২১১১০২১১০৪

বরিশাল ৥ মঙ্গলবার ৥ ২১ জুলাই ২০২৬ ৥ ০৬ সফর ১৪৪৮ ৥ ০৬ শ্রাবণ ১৪৩৩ ৥ ৯ম বর্ষ ৥ ৫০ সংখ্যা ৥ ৪ পৃষ্ঠা ৥ ৫ টাকা



ফাহিম মিনিক্রাফ্ট  
বস্তুতত্ত্ব তথ্য যাচাইয়ের  
নির্দেশ প্রধানমন্ত্রীর  
কীর্তনখোলা ডেস্ক  
প্রকৃত উপকারভোগীদের কাছে  
সুস্থভাবে ফ্যামিলি কার্ড পৌঁছে দিতে  
তথ্য যাচাইবাছাইয়ের নির্দেশ দিয়েছেন  
প্রধানমন্ত্রী ২ এর পাতায় দেখুন



ফ্রেশতার মেজর  
মোজাফফরের বিচার হবে  
সেনা আদালতে: স্বরাষ্ট্রমন্ত্রী  
কীর্তনখোলা ডেস্ক  
শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান হত্যা  
মামলায় গ্রেপ্তার আসামি মেজর (অব.)  
মোজাফফর হোসেনের (৭৭) বিচার  
সেনা ২ এর পাতায় দেখুন



হৃদ্রূপে গণতন্ত্রবিরোধী  
শক্তির পুনরুত্থান ঘটতে  
পারে: রিজভী  
কীর্তনখোলা ডেস্ক  
প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও  
বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব  
অ্যাডভোকেট রুহুল কবির রিজভী  
বলেছেন ২ এর পাতায় দেখুন



যারা পালিয়ে যায়  
তারা আর ফেরত  
আসে না: নাহিদ ইসলাম  
কীর্তনখোলা ডেস্ক  
যারা পালিয়ে যায় তারা আর ফেরত  
আসে না। সাহস থাকলে পালিয়ে না  
গিয়ে বিচারের মুখোমুখি হতে  
পারতো। ২ এর পাতায় দেখুন

ডেস্তুতে ৩৭ জনের মৃত্যু  
বরিশালে আক্রান্ত আড়াই  
হাজারের বেশি

কীর্তনখোলা ডেস্ক  
ডেস্তুতে আক্রান্ত হয়ে একদিনে আরো তিনজনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছর ডেস্তুতে ৩৭ জনের মৃত্যু হলো। সর্বশেষ ভিনজনের মৃত্যু হয়েছে বরিশাল, খুলনা ও ঢাকা উত্তর সিটি করপোরেশন এলাকায়। সোমবার (২০ জুলাই) স্বাস্থ্য অধিদপ্তরের সর্বোদ বিজ্ঞপ্তি থেকে এ তথ্য জানা গেছে। এই ভিনজনের মৃত্যু হয়েছে সোমবার সকাল আটটা থেকে আগের ২৪ ঘণ্টা সময়ের মধ্যে। এ সময়ে হাসপাতালে ডেস্তু নিয়ে ভর্তি হয়েছেন ৩৭২ জন। এ নিয়ে চলতি বছর এখন পর্যন্ত ডেস্তু নিয়ে হাসপাতালে ভর্তি হওয়া রোগীর সংখ্যা ১০ হাজার ৮৫৭ জন। শেষ ২৪ ঘণ্টায় ৩৪৬ জনসহ হাসপাতাল থেকে এখন পর্যন্ত ছাড় পেয়েছেন ৯ হাজার ৭৮৬ ডেস্তু রোগী। বিভাগভিত্তিক তথ্য বিশ্লেষণে দেখা গেছে, গত ২৪ ঘণ্টায় হাসপাতালে ভর্তি হওয়া রোগীদের মধ্যে সর্বোচ্চ ১৭৭ জন রয়েছেন ঢাকা বিভাগে। এ ছাড়া বরিশাল বিভাগে ৬৭, চট্টগ্রাম ৫৪, খুলনা বিভাগে ৪৩ জন, ময়মনসিংহে ২১, রাজশাহীতে ৪ জন ভর্তি হয়েছেন। মাসভিত্তিক হিসাবে দেখা গেছে, চলতি বছর জানুয়ারি ও ফেব্রুয়ারিতে ২ জন করে, মে মাসে ১ জন, জুনে ১৩ জন ও জুলাইয়ে এ পর্যন্ত ১৯ জন ডেস্তু রোগীর মৃত্যু হয়েছে। এলাকাভিত্তিক মৃত্যুর এ সংখ্যা ময়মনসিংহ ও খুলনায় ৫ জন, ঢাকা বিভাগে ১৯, চট্টগ্রামে ৪, রাজশাহী ১ বরিশাল বিভাগে ৩ জনের মৃত্যু হয়েছে। এ বছর হাসপাতালে ভর্তি হওয়া রোগীদের মধ্যে বরিশাল বিভাগে ২ হাজার ৬০৫ জন, চট্টগ্রামে ১ হাজার ৮৭৮ জন, ঢাকা দক্ষিণ সিটিতে ১ হাজার ৫৪৯ জন, খুলনায় ১ হাজার ৪২৫ জন, ঢাকা মহানগরের বাইরে ১ হাজার ৩৮১ জন, ঢাকা উত্তর সিটিতে ১ হাজার ৫৮ জন, রাজশাহীতে ৩৫১ জন, ময়মনসিংহে ৪০৭ জন, সিলেটে ৮৩ জন ও রংপুরে ১২০ জন।



সিটি প্রশাসকের  
কাছে পাঁচ হাজার  
গাছের চারা হস্তান্তর

কীর্তনখোলা রিপোর্ট  
পরিবেশ রক্ষা ও জলবায়ু সহনশীলতা জোরদারে বর্তমান সরকারের অন্যতম নির্বাচনী অঙ্গীকার পাঁচ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ কর্মসূচির অংশ হিসেবে বরিশাল সিটি করপোরেশনের প্রশাসক অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীনের কাছে পাঁচ হাজার গাছের চারা হস্তান্তর করা হয়েছে। সোমবার (২০ জুলাই) দুপুরে নগর ভবনে এসব চারা হস্তান্তর করেন পুরানী ব্যাংক বরিশাল শাখার কর্মকর্তারা। এ সময় উপস্থিত ছিলেন বিসিপি প্রধান নির্বাহী কর্মকর্তা মো: রেজাউল বারী ও পুরানী ব্যাংকের ডিজিএম ইদ্রিসুর রহমানসহ অন্য কর্মকর্তারা।



বিশ্বকাপ ফাইনাল দেখা  
ঘিরে বরিশালে বিশৃঙ্খলা

কীর্তনখোলা রিপোর্ট  
ফিফা বিশ্বকাপ ২০২৬-এর আর্জেন্টিনা বনাম স্পেনের ফাইনাল খেলা বড়পর্দায় উপভোগ করতে গিয়ে বরিশালে বিশৃঙ্খলা ও দফায় দফায় মারধরের ঘটনা ঘটেছে। রোববার (১৯ জুলাই) দিবাগত রাতে নগরীর বেলস পার্ক (বঙ্গবন্ধু উদ্যান) মাঠে সিটি করপোরেশনের আয়োজনে এই প্রদর্শনীতে লক্ষাধিক দর্শকের সমাগম হয়। বিপুল এই জনসমাগমে নিরাপত্তা নিয়ে প্রশ্ন তুলেছেন সাধারণ দর্শকরা। রাতভর জাজমাড় পত্রবিশে খেলা চলেলেও একপর্যায়ে ২ এর পাতায় দেখুন



হামের উপসর্গে  
আরও পাঁচ  
শিশুর মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক  
নতুন করে সারা দেশে হাম উপসর্গ নিয়ে আরও ৫ শিশুর মৃত্যু হয়েছে। এ সময় নতুন করে আক্রান্ত হয়েছে ১ হাজার ৬৯ জন। সোমবার (২০ জুলাই) স্বাস্থ্য অধিদপ্তরের সর্বশেষ প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে। স্বাস্থ্য অধিদপ্তর সূত্রে জানা গেছে, গত ১৫ মার্চ থেকে হাম এবং হামের উপসর্গ নিয়ে এখন পর্যন্ত সারা দেশে ৭৯৩ শিশুর মৃত্যু হয়েছে। এর মধ্যে নিশ্চিতভাবে হামে মৃত্যু হয়েছে ৯৫ শিশুর। আর হামের উপসর্গ নিয়ে মারা গেছে ৬৯৮ জন। একই সময়ে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়েছে (পরীক্ষায় প্রমাণিত) ১৪ হাজার ৫৭৮ জন। আর হামের উপসর্গ নিয়ে হাসপাতালে এসেছে ১ লাখ ১৮ হাজার ৫৭০ জন। এর মধ্যে হাসপাতালে ভর্তি হয়েছে ১ লাখ ১ হাজার ২৬ জন যাদের মধ্যে ৯৭ হাজার ৫৩২ জন হাসপাতাল থেকে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন। আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা ঢাকা বিভাগে ২ এর পাতায় দেখুন



ফুটবল বিশ্বকাপের  
কারণে বিশ্বব্যাপী ক্ষতি  
১৭০০ কোটি ডলার

কীর্তনখোলা ডেস্ক  
বিশ্বকাপ ফুটবল মানেই বিশ্বজুড়ে কোটি কোটি দর্শকের উদ্য়ান। সম্প্রতি শেষ হওয়া ২০২৬ ফিফা বিশ্বকাপে লিওনেল মেসি, নেইমার, কিলিয়ান এমবাল্লে কিংবা লামিনে ইয়ামালদের অনবদ্য দৈনুগ্য দেখতে পারার সামনে ঘটীর পর ঘটী বৃদ হয়ে ছিলেন ফুটবলপ্রেমীরা। কিন্তু এই ফুটবল উদ্য়াদনার খোসারত দিতে হয়েছে বিশ্ব অর্থনীতিকে। বিশেষ করে যৌথ অয়োজক মার্কিন যুক্তরাষ্ট্রে বিশ্বকাপের কারণে উৎপাদনশীলতা মারাত্মকভাবে ব্যাহত হয়েছে। মানবসম্পদ ও কর্মক্ষেত্র ব্যবস্থাপনা সংক্রান্ত সফটওয়্যার প্রতিষ্ঠান 'ইউকেলি' (টেকএ)-এর এক সামগ্রিক প্রতিবেদনে জানা গেছে, বিশ্বকাপ দেখার কারণে কর্মীদের অনুপস্থিতি ও কাজের গতি কমে যাওয়ার ফলে বিশ্বজুড়ে ১৭ বিলিয়ন বা ১৭০০ কোটি ডলারের ক্ষতি হয়েছে। তার মধ্যে কেবল যুক্তরাষ্ট্রের অর্থনীতিতেই ১১.৭ বিলিয়ন বা ২ এর পাতায় দেখুন



কোনো মিডিয়া মাফিয়ার কাছে  
গিয়ে সেজদা দেবো না: হাসনা

পিরোজপুর প্রতিনিধি  
জাতীয় নাগরিক পাটরি (এনসিপি) দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক ও কুমিল্লা-৪ আসনের সংসদ সদস্য হাসনাত আবদুল্লাহ বলেছেন, আমরা কোনো মিডিয়া মাফিয়াদের কাছে গিয়ে সেজদা দেব না। জনগণের স্বার্থে, সত্য ও ন্যায়ের পক্ষে আমাদের অবস্থান অব্যাহত থাকবে। সোমবার (২০ জুলাই) বিকেলে পিরোজপুরে এনসিপির কেন্দ্রীয় পদযাত্রা কর্মসূচির অংশ হিসেবে শহরের সিও অফিস মোড় থেকে শুরু



‘জুলাই ছিলো  
আগুনমাখা, জুলাই  
ছিলো রক্ত’  
মৌমিতা বিনতে মিজান  
২১ জুলাই ২০২৪। কোটা সংস্কার আন্দোলন পুরোদেশে দাবানলের মতো ছড়িয়ে পরে। পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সমর্থনে রাস্তায় নেমে পরে সরকারি বেসরকারি কলেজ শিক্ষার্থী, প্রাইভেট ইনিজিগার্সিট, মাদ্রাসাসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা। শিক্ষার্থীদের সমর্থন দেয় দলমত নির্বিশেষে সর্বস্তরের সাধারণ মানুষ। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সঙ্গে সাধারণ মানুষ ও শিক্ষার্থীদের সারাদেশে সহিংসতার খবর ছড়িয়ে পরে। তৎকালীন সরকারের নির্দেশে পুলিশ শিক্ষার্থীদের আটক করা শুরু ২ এর পাতায় দেখুন



শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাঙ্গালার প্রখ্যাত বাঙ্গালা আচার্যবিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রহ্মমোহন কলেজ, বাঙ্গালা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক  
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা  
কৃষ্ণ কল্যাণ  
উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির  
বাংলা ব্যাকরণ ও নির্মিতি  
বইটি অনন্য  
বইটি প্রণয়নের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক। সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিভাগের প্রধান পরীক্ষক, সরকারি আশেদাবাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সুনানীল গ্রন্থ প্রণেতা  
পৃথিক মোস্তফা (এমফিল, ইবি)  
বই পাঠ্য্যার জন্য যোগাযোগ করুন:  
01718246162, 01712189338, 01712926836  
গদ্য প্রকাশন, বরিশাল  
বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে  
ব্রুক ভিল্লা  
সফার সেন্ট, বরিশাল  
01932-314219  
খন্দকার লাইব্রেরি  
সফার সেন্ট, বরিশাল  
0171-047767  
অমৃত লাইব্রেরি  
বড় বাজার, বরিশাল  
01719-408049  
ইসলামিয়া লাইব্রেরি  
শাহরাসের, লব্ধ এন্ড, বরিশাল  
01711-264963  
নিউ মাহবুব লাইব্রেরি  
সফার সেন্ট, বরিশাল  
01763-107720  
নিউ কলেজ লাইব্রেরি  
সি.এম. কলেজের পাশে  
01726-074663  
অব্ধুর লাইব্রেরি  
সফার সেন্ট, বরিশাল  
01708-868515  
রহমান বুক হাউজ  
শাহরাসের, লব্ধ এন্ড, বরিশাল  
01718-670945  
হক লাইব্রেরি  
এ.এ.এ. কলেজের পাশে  
01724-851658  
অব্ধুর লাইব্রেরি  
সফার সেন্ট, বরিশাল  
01708-868514  
মজুমদার লাইব্রেরি  
সফার সেন্ট, বরিশাল  
01716-139268  
আশরাফিয়া লাইব্রেরি  
সি.এম. কলেজের পাশে  
01724-851658



## মম্বাদকীয় ওষুধ বাণিজ্যে নৈরাজ্য

ওষুধ জনস্বাস্থ্যের জন্য অপরিহার্য। কিন্তু পরিভাষের বিষয় হলো, অন্য বাজার পুষ্যের মতো ওষুধ খাতেও বিরাজ করছে সীমাহীন নৈরাজ্য। মানহীন, মেয়াদোত্তীর্ণ, নকল ওষুধে বাজার সয়লাব। রয়েছে সিন্তিকটের দৌরাড্র্য। জীবন রক্ষাকারী বহু ওষুধের উচ্চমূল্য নিয়ে রয়েছে বিস্তর অভিযোগ। এসব অনিয়ম রোধে আইন থাকলেও মাঠ পর্যায়ে তেমন প্রয়োগ নেই। ফলে যে ওষুধের জীবন বাঁচানোর কথা, অনেক সময় সেই ওষুধই মৃত্যুর কারণ হয়ে উঠছে। প্রতিবেদনের প্রথম পর্বে বলা হয়েছে, ওষুধের মেয়াদ ফুরিয়ে গেলে নিয়ম অনুযায়ী সেগুলো সরিয়ে ফেলার কথা, কিন্তু অতি মুনাফার লোভে দোকানিরা সেগুলোই দৈদার বিক্রি করছেন। রাজধানী ঢাকা থেকে শুরু করে প্রত্যন্ত গ্রামেও একই চিত্র। শুধু তা-ই নয়, অপারেশন থিয়েটারেও মিলেছে মেয়াদোত্তীর্ণ ওষুধ। খবরে বলা হয়েছে, মেয়াদোত্তীর্ণ ওষুধ সেবনের ফলে মৃত্যুও হয়েছে। জানা গেছে, দেশে নিবন্ধিত ফার্মেসির সংখ্যা দুই লাখ ৩৫ হাজারের বেশি, কিন্তু অনির্বন্ধিত ফার্মেসি রয়েছে ৫০ হাজারের বেশি। মোম্বাদাধো এসবের বিরুদ্ধে অভিযান চলে, তবে নামমাত্র জরিমানার কথা হয়। এতে কারের কাজ হয় না। ধারাবাহিক প্রতিবেদনের দ্বিতীয় পর্বে আমরা দেখতে পাই, ফ্যাকারের ওষুধের কীচালয় আমদানি কক্ ও ভাট্টা শুল্ক পরচেই সরকার, অখচ বাজারে ওষুধের দাম কমেনি, যদিও এই ছাড়ের ফলে ওষুধের দাম ১৪ থেকে ১৮ শতাংশ পর্যন্ত কমানো সম্ভব। অন্যদিকে প্রতিবছর নতুন করে ফ্যাকারে আক্রান্ত হচ্ছে প্রায় পঁোনে দুই লাখ মানুষ। দুর্য্যোগের দামি চিকিৎসা করাতে গিয়ে বহু পরিবার বর্ষাক্ত হয়ে পড়ছে। তৃতীয় পর্বে বলা হয়েছে, আইন অনুযায়ী প্রেসক্রিপশনবিভুক্ত ওষুধের প্রচার কঠোরভাবে নিয়ন্ত্রিত। তবে এ কারণে ওষুধ কম্পানিগুলো বেছে নিয়েছে অনৈতিক বিপণন কৌশল। বিক্রয় প্রতিনিধিরা চিকিৎসকদের দামি উপহার দিচ্ছেন, বিনিময়ে প্রেসক্রিপশনে যুক্ত হচ্ছে অপ্রয়োজনীয় উচ্চমূল্যের ওষুধ, যা শেষ পর্যন্ত ভুক্তভোগী রোগীর কাঁধেই বর্তায়। গতকাল শেষ পর্বে বলা হয়েছে, এত এত অনিয়ম থাকলেও শান্তির নজির নেই বললেই চলে। ২০২৩ সালে প্রণীত ওষুধ ও কসমেটিকস আইনে নকল ও ভেজাল ওষুধ উপহাস্য ও বিপণনে সর্বোচ্চ সাজা হিসেবে মহাশঙ্কিবন কারাদণ্ডের বিধান রাখা হয়েছে। কিন্তু আইনটি কার্যকর হওয়ার আড়াই বছরের বেশি সময় পেরিয়ে গেলেও এখন পর্যন্ত এই আইনে কাজে দশ দেওয়া হয়নি। ওষধ প্রশাসন অধিদপ্তরের পরিচালক আকতার হোসেন বলেন, প্রতিবছর ওষুধের মান য্যাইই হয়, কিন্তু এই সংখ্যা বৃদ্ধি কম। বিষয়টি সরকারের উর্ধ্বতন কর্মকর্তারা অব্যত থাকলেও পরিবর্তন সম্ভব হানি। কারণ পর্যাপ্ত লোকবল নেই। দেশের ওষুধশিল্প আজ সুপ্রতিষ্ঠিত। জাতীয় চিহ্নদার প্রায় ৯৮ শতাংশই নিটিয়ে থাকে দেশীয় খাত। অভ্যন্তরীণ বাজার ১০ হাজার কোটি টাকার বেশি। আমাদের ওষুধ এখন রপ্তানিও হচ্ছে। কথা হলো, তার পরও এই খাতে এত নৈরাজ্য রয়েছে। আমরা মনে করি, ওষুধ খাতে অনিয়ম-অব্যবস্থাপনা রোধে ওষধ প্রশাসনের আরো কার্যকর ভূমিকা নেওয়া দরকার। লোকবল বাড়িয়ে জবাবদিহি নিশ্চিত করতে হবে। জীবন রক্ষাকারী ওষুধ নিয়ে যে কোনো ধরনের অপতৎপরতা বন্ধে এর সঙ্গে জড়িতদের বিরুদ্ধে অবশ্যই আইনশৃঙ্খ ব্যবস্থা নিতে হবে।

### যারা পালিয়ে যায় তারা

মানবতাবিরোধী মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামি শেখ হাসিনা ও কার্যক্রম নিষিদ্ধ আগওয়ামী লীগ নেতাকর্মীদের উদ্দেশ্য করে এ মন্তব্য করেন জাতীয় ন্যায়িক পাটরি (এনসিপি) আদ্যায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ মো. নাহিদ ইসলাম। নাহিদ ইসলাম আরও বলেন, উত্তরা গণঅভ্যুত্থানের অন্যতম প্রধান হটস্পট ছিল। প্রতিরোধের প্রধান দুর্গ ছিল এই উত্তরা। আগওয়ামী লীগের পূর্বসূরদের চেষ্টা হলে এই উত্তরা থেকেই প্রতিরোধ শুরু হবে। রোববার (১৯ জুলাই) উত্তরার মীর মুহুম্ম হকের ‘রক্তাক্ত জুলাই’ শীর্ষক অনুষ্ঠানে একথা বলেন তিনি। নাহিদ ইসলাম বলেন, এই বছর আগের এদিন আমাদের গুম করে। বহু মানুষকে সেদিন গুম করে হাসিনার বাহিনী। দুই বছর পর আমাদের একটাই চাওয়া। শেরাচার এর সোসরদের বিচার। শেরাচারের বিচার না হলে আবারও শেরাচার তৈরি হবে। দেন শেরাচার তৈরি না হয় এজন্য আমরা বিচার চাই। বিরোধীদলীয় চিফ হুইপ বলেন, যারা পালিয়ে যায় তারা আর ফেরত আসে না। সাহস থাকলে পালিয়ে যা গিয়ে বিচারের মুখোমুখি হতে পারতো। আগওয়ামী লীগের পূর্বসূরদের চেষ্টা হলে এই উত্তরা থেকেই প্রতিরোধ শুরু হবে। আমরা উত্তরাকে কখনো ভুলে যাবো না। জুলাইয়ের আকৃষ্টকা ব্যস্তরায়েন বিনএনিপ বায়া হয়ে দাঁড়িয়েছে উল্লেখ করে নাহিদ ইসলাম বলেন, এদেশের পরিবর্তনের পক্ষে বাধা হয়ে দাঁড়িয়েছে বিনএনিপ। বিনএনিপ এখন একরক্ষ দম্বা শুরু গেছে। তারা নোট অব ডিসেন্টের জুলাই সন্দের কথা বলছে। নোট অব ডিসেন্ট প্রত্যাখ্যা বাদ দিয়ে গণভোটের পরণায়ের আলোকে জুলাই সনদ বাস্তবায়ন করুন। সংবিধান সংশোধনের আগে বিনএনিপের অস্তিত্বই হচ্ছে হতে হবে। স্বরাষ্ট্রমন্ত্রীর বক্তব্যের সমালোচনা করে নাহিদ ইসলাম বলেন, স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন- প্রতিবেদী দলগুলো যায় না। কিন্তু এক্ষেত্রেই আমরা পরিবারের সদস্যদের খুন করে সে প্রতিবেদীর সঙ্গে ভালো সম্পর্ক রাখা যায় না। চাঁদাবাজি ও মাদকমুক্ত উত্তরা গড়তে সবাইকে এক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান বিরোধী দলীয় চিফ হুইপ।

### হ্রদিপথে গণতন্ত্রবিরোধী শক্তির

জুলাই সন্দের বিষয়ে দ্রুত সিদ্ধান্তে আসা উচিত। আলোচনার টেবিলে বসা উচিত। কারণ, নানান হ্রদিপথে গণতন্ত্রবিরোধী শক্তির পুনরুত্থান ঘটতে পারে। বিপুল পরিমাণ অর্থ এবং দেশের বাইরে থেকে মরুত পায়ের তারা নানানভাবে আবারও শক্তিশালী হয়ে উঠতে পারে। তিনি বলেনছেন, জুলাই সনদ অত্যন্ত প্রয়োজনীয়। এটা নিয়ে সরকার বা সরকারি দল এবং বিরোধী দলগুলো আলোচনা করতে পারে। সেখানে যদি আরও কিছু কথা বলার বা সংযোগ করার থাকে, তবে তা করতে অসুবিধা কোথায়? সোমবার (২০ জুলাই) ঢাকার উত্তরায় আইইউবিএটি বিশ্ববিদ্যালয়ে ‘জুলাই স্মৃতি এবং তারুণ্যের স্টাটআপ ও সম্ভাবনার বাংলাদেশ’ শীর্ষক সেমিনারে তিনি এসব কথা বলেন। রিজভী বলেন, অক্ষয়র দানবের কাছে থেকে জুলাই-আগস্টের এ পরিবর্তনের মাধ্যমে অন্তত গণতন্ত্রের কিছুটা আলো দেখানোর চেষ্টা হয়েছে। এখন একটি সুষ্ঠু নির্বাচনের ব্যবস্থা রয়েছে। কেউ সরকারের জোরালো সমালোচনা করলে থাকে গুম হতে হবে কিংবা বিচারবহির্ভূত হত্যার শিকার হতে হবেকুসই পরিস্থিতি এখন আর নেই। জুলাই সেটি নিশ্চিত করেছে। তিনি বলেন, জুলাইয়ের তাৎপর্য অত্যন্ত গভীর ও তীক্ষ্ণ। এ তাৎপর্যকে আমাদের আরও উপলব্ধি করতে হবে এবং রিজভী গণতন্ত্রের বিকাশের জন্য আমাদের যেসব কাজ বাকি আছে, সেগুলো সম্পন্ন করতে হবে। রিজভী বলেন, রাজনৈতিক দলগুলোর মধ্যে নানুতম প্রধান ইয়াত্বে মিনিমাম আভারস্ট্যান্ডিং (ন্যূনতম সমঝোতা) থাকতে হবে। সেটা না থাকলে গণতন্ত্র আবারও বিলুপ্ত হবে। তখন দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বের সুরক্ষাও বিলুপ্ত হতে পারে। এসময় আরও উপস্থিত ছিলেন ঢাকা মহানগর উত্তর বিএনপির সদস্যসচিব মোস্তফা জামান, সরেক্ষিত নারী আসনের এমপি ফেরদৌসী আহমেদ মিষ্টি, এবাব নেতা ইঞ্জিনিয়ার আবু সাঈদ চম্বল, কেন্দ্রীয় যেক্সাসেবক দল সহ-সভাপতি ডা. জাহিদুল কবির, কেন্দ্রীয় ছাত্রদল সহ-সভাপতি ডা. তৌহিমুর রহমান আউয়াল প্রমুখ।

### শ্রেফতার মেজর মোজাফফরের

আলাদতে হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। সোমবার (২০ জুলাই) পিলখানায় অবস্থিত বিজিবি সদর দপ্তর পরিদর্শন সেবে সাংবাদিকদের এক প্রশ্নের জবাব তিনি এ কথা বলেন। শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের হত্যাকারী মেজর (অব.) মোজাফফর হোসেনকে গ্রেপ্তার করা হয়েছে। আসলে তার সঙ্গে কারা জড়িত ছিল, এই বিষয়গুলো অধিকতর তদন্তের জন্য তৌজদারি কোনো মাফলা করার সুযোগ রয়েছে কিনা এবং অধিকতর ফৌজদারি কোনো চিহ্নাঙ্কনো আপনারা করছেন কিনা এমন প্রশ্নের জবাব সালাহউদ্দিন আহমদ বলেন, মেজর মোজাফফর নামে যে আসামিকে গ্রেপ্তার করা হয়েছে, তার অন্যান্য সহযোগীদের বিচার সামরিক আদালতে করা হয়েছে। সেখানে তখনকার সময়ের কিছু ফাইলভিস আছে। তিনি পলাতক ছিলেন। দীর্ঘদিন তিন্স নাম ধারণ করে পার্শ্ববর্তী দেশে পলাতক ছিলেন। এখানে আসার পরে আমাদের গোয়েন্দা সংস্থার ইন্ফরমেশনের ভিত্তিতে আমরা যখন জানতে পেরেছি, তাকে আমরা গ্রেপ্তার করে বিচারের জন্য সেনাবাহিনীর কাছে হস্তান্তর করেছি। জেনারেল কোর্ট মার্শাল করে সম্ভবত তার বিচারটা নিষ্পন্ন হবে। আগে যারা একই মামলার শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের

হত্যা মামলায় কনভিক্টেড হয়েছে বা এক্সিকিউটেড হয়েছে, সেই রায় অনুসারে তার বিষয়ে কোনো ফাইলভিস আছে কিনা, সেটা সেই জেনারেল কোর্ট মার্শাল দেখবে। তিনি বলেন, সেনা সদস্যদের বিষয়ে মিলিটারি আর্ট্র প্রযোজ্য। কো-অ্যাক্টিউসডদের বিষয়ে যেটা ট্রায়াল হয়েছে, সেটা সম্ভবত সেনা আইনে জেনারেল কোর্ট মার্শালে হয়েছে। আমরা সেনাবাহিনীর কাছে তাকে হস্তান্তর করেছি। তারা তাদের বিধি মোতাবেক জেনারেল কোর্ট মার্শাল গঠন করে সে বিষয়ে ব্যবস্থা নেনেন। যদি সিভিল কোর্টের কোনো ফাইল থাকে, আইন অনুযায়ী তারা সেটা পরীক্ষা নিরীক্ষা করে বলবে। একই ব্যক্তিকে দুই আইনে আলাদা আলাদাভাবে ট্রায়াল করা যায় না। সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণ ও ল্যান্ড মাইন ডিটেকশনের বিষয়ে প্রশ্ন করা হলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ল্যান্ড মাইন ডিটেকশনের জন্য আমরা কিছু যন্ত্রপাতি সংগ্রহ করে ইতোমধ্যে বিজিবির কাছে আমরা দিয়েছি। বিজিবির সদস্যরা সেটা নিয়ে কাজ করছে। মিয়ানমার সীমান্ত আমাদের জন্য এখন খুবই ভারনারেবল। সেটার সঙ্গে অন্য দেশের (ভারত) কাঁটাতার নির্মাণের বিষয়টা একটি ডিফারেন্ট। আমরা মিয়ানমার সীমান্তে সার্বক্ষণিক দেখছি, আরাকা আমির সঙ্গে মিয়ানমার সরকারের মিলিটারির একটা যুদ্ধাবস্থা বিরাজ করছে। যার মধ্যে আমরা অনেকটা স্যাভউইচ হচ্ছি। তারপরে ওখানে আরও কিছু ব্রদ্রোয়ী প্রশ্ন আছে। আরএসও, আরসা, আরাকা আমিসহ আরও বিভিন্ন সংগঠন আছে। তাদের অভ্যন্তরীণ অনেক সংঘর্ষের প্রভাব আমাদের এখানে আসে। পূশ-ইন নিয়ে প্রশ্ন করা হলে তিনি বলেন, আমাদের বিজিবি এবং জগণপের হায়াটা আমরা সফলভাবে এখন পর্যন্ত পূশ-ইন চেকাতে সক্ষম হয়েছে। কিছু কিছু অধৈ অনুপ্রবেশ হয়েছে, তার সংখ্যা বেশি ন্যা। আমরা অবৈধ অনুপ্রবেশকারীদের বিষয়ে আমরা ব্যবস্থা নিয়েছি। তবে প্রদেশের নতুন নির্বাচিত সরকারের দলিকিছুাল এজেন্ডার বিষয়ে আমাদের বক্তব্য নাই। আমরা কথা বলব কেন্দ্রীয় সরকারের সঙ্গে। আমরা বলেছি, যদি সে রকম কোনো নাগরিক থাকে, তার তালিকা পররষ্ট্র মন্ত্রণালয়ের নীতি মোতাবেক দিতে হবে। আমরা ন্যাশনাল ডেরিফিকেশন করব। করে যদি সেটা সত্যতা পাওয়া যায়, আমরা যথাযথ আইনি প্রক্রিয়ায় ফেরত নিয়ে আসবো। এ ছাড়া, অন্য কোনো উপায়ে আমরা কাউকে এলাও করব না। বিজিবির ভালো কাজের জন্য সরকার কোনো পুরস্কারের ব্যবস্থা করবে কিনা এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, এটা বিজিবির একটা রুটিন ম্যার্ক। বাৎসরিকভাবে তাদেরকে এসব গুরুত্বপূর্ণ কাজের জন্য এবং সাহসিকতাপূর্ণ কাজের জন্য পদক দেওয়া হয়। সাম্প্রতিককালে পূশ-ইন হুয়াতে রীতরূপূর্ণ এবং সহযোগিতামূলক কর্মের জন্য পদকের পাশাপাশি আমরা যদি আরও কোনো সনদ বা অন্য কিছুর ব্যবস্থা করতে পারি, সে বিষয়ে আমি বিজিবির ডিভির সঙ্গে কথা বলব।

### ফ্যামিলি কার্ডের সূহ্র

তারেক হুমদান। সোমবার (২০ জুলাই) বাংলাদেশি সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগে এক বৈঠকে তিনি এ নির্দেশনা দেন। প্রধানমন্ত্রীর তারেক রহমান বলেন, দেশের বহুত উপকারার্থেগোঁদের কাছে ফ্যামিলি কার্ডে সুবিধা পৌছে দিতে হবে। এ উপলক্ষে স্বচ্ছ ও নির্ভুলভাবে পৌছে দিতে একটি নির্ভরযোগ্য ও সম্মিত অফাভার্স গড়ে তোলো জরুরি। এ লক্ষ্যে তথ্য সংগ্রহ, যাচাইবাস্হা এবং উপকারার্থগামী নির্বাচন প্রক্রিয়ার প্রতিটি ধাপে সর্বোচ্চ স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা দেওয়া হয়েছে। বৈঠকে ধাপে ধাপে সারা দেশে ফ্যামিলি কার্ড বিতরণ কার্যক্রম সম্প্রসারণ লক্ষ্যে ব্যবসম্মত পরিকল্পনা গ্রহণন, আর্থনিক সুস্থিতির বর্ধোত্তম ব্যবহার এবং সংশ্লিষ্ট সব যন্ত্রণালায় ও সংস্থার মধ্যে কার্যকর সমন্বয় নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেন। বৈঠকে উপস্থিত ছিলেন সমাজকল্যাণমন্ত্রী ডা. এ জেড এম জাহিদ হোসেন, সমাজকল্যাণ প্রতিমন্ত্রী ফারজানা শারমিন, প্রধানমন্ত্রীর উপদেষ্টা মাহদী আমিন, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এ। এম আর আনুসার হোসেন, প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসভিজি বিষয়ক জ্যেষ্ঠ সমন্বয়ক কমিউনিকেশন ড. এস এম আব্দুল আগওয়াল, বিএনপির জাতীয় নির্বাহী কমিটির বিশেষ সম্পাদক বেলায়েত হোসেন মুহাসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও দপ্তরের উর্ধ্বতন কর্মকর্তারা।

### বরিশালে চড়া মাহের

বাংলাবাজারের খুচরা সবজি ব্যবসায়ী তৌহিদুল ইসলাম বলেন, পাইকারি বাজার থেকে সবজি কিনে লেবার রকট, ভ্যান ভাড়া দিয়ে আনতে হয়। পরে বাজারে বিক্রি করতে হয়ে ইটকা, বিদ্যুৎ বিল ছাড়ে হয়। যে কারণে পাইকারি বাজারের তুলনায় খুচরা বাজারে মূল্য কিছুটা বেশি। এদিকে বেশ কিছু দিনে বেড়েই বরিশালের বাজারে প্রবলার মুরগির দাম প্রতি কেজি ১৩০ টাকা দরে বিক্রি হচ্ছে। এছাড়া সোমালি মুরগি ২৭০ থেকে ২৮০ টাকা এবং লেয়াং ২৯০ থেকে ৩১০ টাকা দরে বিক্রি হচ্ছে। গরুর মাংস ৮০০ টাকা ও খাসির মাংস ১২০০ টাকা কেজি বিক্রি হচ্ছে। তবে বেড়ুড্বে বিভিন্ন ধরনের মাছের দাম। বরিশাল নগরীর পোর্ট রোড মাছ বাজার ঘুরে দেখা গেছে, এই মাছ প্রতি কেজি আকার ভেদে ২৫০ থেকে ৪০০ টাকা, কাতল আকার ভেদে ২২০ থেকে ৫০০ টাকা, চিড়িৎ ৮০০ থেকে ১২০০ টাকা, ভেটিকি ৫৫০ থেকে ৫৫০ টাকা, পাবদা ৬৩০ থেকে ৪০০ টাকা, চোঁয়া ৫০০ থেকে ৭০০ টাকা, টাকি ২২০ থেকে ২৫০ টাকা দরে বিক্রি হচ্ছে। এছাড়া তেতাপিয়া ১২০ থেকে ১৬০ টাকা এবং পাভাশ ১৫০ থেকে ১৮০ টাকা পুরে কেজিতে বিক্রি হচ্ছে। আর ১০ থেকে ১৫ কেজি ওজনের পাভাশ মাছ ৭৫০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। পাশাপাশি আগের তুলনায় বেড়ুড্বে সামুদ্রিক মাছের দামও। পোর্ট রোডে বাজার করতে আসা কামাল হোসেন বলেন, আগে এক হাজার টাকা নিয়ে বাজারে আসলে মাছ সবজি দুটোই কেনা যেতো, এখন এক হাজার টকায় এক ধরনের মাছই কিনতে পারা যায় না। আর ইলিশ তো এখন সাধারণ বাইরে চলে গেছে।

### কোনো মিডিয়া মাক্ফিয়ার কাছে

আন্দোলনের নিচে হবে। নির্বাচনের আগে জগণপের বলেছিলামযুক্তিতে ভোট দিন, আমরা ফ্রিতে সার্ভিস দেব। সেই প্রতিশ্রুতি রাখা আমরা জনপণের পক্ষে করা বলে যাচ্ছি। সংসদে নিজের ভুক্তির প্রসঙ্গ টেনে তিনি বলেন, গত পাঁচ মাসে তিনি কোনো রক্তক্ষুকে ভয় পাননি। মিডিয়া মাক্ফিয়া, ভূমিথেকে, বাংকে দুট্টো ও ভোটেরফরনের বিরুদ্ধে সংসদে এবং রাজপণের সোচ্চার প্রচেষ্টাে। হাসানো অভিযোগ করে বলেন, দেশের সম্পন্ন লুটের সংস্কৃতি বন্ধ করতে হবে এবং দূনীতি, বদলদারিত্ব ও লুটপাটের বিরুদ্ধে সবাইকে একাক্ষক প্রতিরোধ গড়ে তুলতে হবে। পথসভায় আরও বক্তব্য দেন এনসিপির রাজনৈতিক পরিষদ সদস্য আলী আহসান জুনায়েদ, কেন্দ্রীয় যুগ্ম আধায়ক সরোয়ার তুষার, যুগ্ম মুখ্য সমন্বয়ক আফিমুর রহমান, পিরোজপুর জেলা এনসিপির আহায়ক হামায়ূন কবিরসহ স্থানীয় নেতারা। সভায় হাসানাত আবদুল্লাহ এনসিপির সদস্য সচিব বাহিনুত হোসান মুন্নাকে পিরোজপুর পৌরসভার মেয়র পদে দলের প্রার্থী হিসেবে ঘোষণা করেন। পথসভায় জেলা ও উপজেলাবি বিভিন্ন স্থানে থেকে আসা বিপুল সংখ্যক নেতা-কর্মী ও সমর্থক অংশ নেন। বক্তারা গণতন্ত্র, জবাবদিহিতা এবং জগণপের অধিকার প্রতিষ্ঠায় এনসিপির রাজনৈতিক কর্মসূচি সফল করার আহ্বান জানান।

### সব শিক্ষাপ্রতিষ্ঠানে ক্রীড়া

মাউশির সকল আঞ্চলিক পরিচালক, উপপরিচালক, খেলা শিক্ষা কর্মকর্তাকে পাঠানো হয়েছে। এতে বলা হয়, প্রাইম মিনিটার্স গোষ্ঠেকা জাতীয় ফুটবল প্রতিযোগিতা ২০২৬ উপলক্ষে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) আওতাধীন সব শিক্ষাপ্রতিষ্ঠানে (স্কুল ও কলেজ) ক্রীড়া পরিচালনা কমিটি করতে হবে। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের নির্দেশনা মোতাবেক দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানে ক্রীড়া পরিচালনা কমিটি গঠনের জন্য নির্দেশনকে অনুরোধ করা হলো বলেও চিঠিতে উল্লেখ করা হয়।

### নভোজিৎবিজ্ঞাতরের এসি সচল

সম্ভোজজনক সনদ দিয়ে বিল ছাড় করবে। গণপূর্তের তথ্য মতে, ২০২০ থেকে শুরু হওয়া এই মেগা প্রকল্পের কাজ ৬ বছর পেরিয়ে গেলেও প্রায় ৯০ শতাংশ কাজ বাকি রয়েছে। এ বিষয়ে বাংলাদেশ ইলেক্ট্রিক্যাল কন্ট্রোল্লির অ্যাসোসিয়েশনের সভাপতি গোলাম মোস্তফা বলেন, ‘বিদ্যুৎ সংযোগ ছাড়া এবং যন্ত্রপাতি কার্যকরিতা পরীক্ষা (টেস্টিং ও কমিশনিং) না করে পুরো বিলি তুলে দেয়া সম্পূর্ণ বেআইনি।’ এটি সরকারি কার্যের সম্পূর্ণ অপসার এবং বড় ধরনের অসুবিধা। একই কমিটিগ যুগ্ম সারোগ সম্পাক আরাফুল ইসলাম ক্ষেত্রে প্রকাশ করে বলেন, ‘সারোগ টিকাদার কাজ শেষ করে বিল পেতে মাসের পর মাস যাতোয়। তাই এখানে নির্মাণ-নিরীক্ষা ছাড়াই কোটি কোটি টাকার বিল পাশ দেয়া হচ্ছে। এটি কিছ কর্মকর্তার যোগসাজশ ছাড়া অসম্ভব।’ প্রথমে নিয়মের বিরুদ্ধি দিলেও পাশা ছাড়া বিল পাসের সুনির্দিষ্ট প্রমাণ উপস্থাপন করতেই সুর বদলে যায়

গণপূর্ত অধিদফতর বরিশাল জেলা কার্যালয়ের নির্বাহী প্রকৌশলী মো. ফয়সাল আলমের। তিনি বলেন, ‘যে টিকাদার প্রতিষ্ঠান এসি বসিয়েছে, তার অংশের কাজ যদি সম্পন্ন হয়, সেক্ষেত্রে তাকে সম্ভোজজনক সনদ ও বিল দেয়া যায়।’ তবে অনিয়ম ও দূনীতির বিষয়ে জিরো টলারেন্সের কথা জানিয়েছেন গণপূর্ত অধিদফতর বরিশালের তত্তাবধায়ক প্রকৌশলী মানিক লাল দাস। তিনি বলেন, ‘ইলেক্ট্রি্ফিক্যাল বা সিভিল কাজ টিকাদারি প্রতিষ্ঠান সম্পন্ন না করে পুরো বিল নেয়ার সুযোগ নেই। নিদারের ব্যত্যয় হলে তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণ করা হবে।’

### গণরায় উপেক্ষা করার পরিণতি

কথা বলেন তিনি। ইসলামী আন্দোলনের আমির বলেন, ‘জুলাই সনদে বিনএনিসহ সব রাজনৈতিক দলগুলো স্বাক্ষর করেছিল। পরে সেই সনদের ভিত্তিতে জুলাই জাতীয় সনদ (সংবিধান সংক্হা) বাস্তবায়ন আদেশ, ২০২৫ জারি করে গণভোটে অনুষ্ঠিত হয়। তার দাবি, নির্বাচনের আগে বিনএনিপ গণভোটের বিরোধিতা করেনি; বরং বর্তমান প্রধানমন্ত্রীও একাধিকবার গণভোটে ‘হ্যাঁ’ ভোটারে পক্ষে প্রচারণা চালিয়েছিলেন।’ বিনএনিপ শীর্ষ নেতৃত্বের প্রতি আহ্বান জানিয়ে চরমোনাই পীর বলেন, ‘রাজনীতিতে অসত্যতা ও শঠতা করবেন না। গণরায়কে সম্মান জানান এবং নির্বাচনের আগে যে রাজনৈতিক অবস্থান নিয়েছিলেন, তাতে অটল থাকুন। গণভোটের রায় বাস্তবায়ন হলে নেতা হিসেবে আপনি, দল হিসেবে বিনএনিপ এবং রাষ্ট্রভাকলেই উপকৃত হবে।’ জঙ্গরি সভায় আরও উপস্থিত ছিলেন দলের মহাসচিব আগওয়াল গাজী আভাতুর রহমান, যুগ্মমহাসচিবপ্রকৌশলী মুহাম্মদ মাদারুল আলম, হাফেজ মাওলানা শেখ ফজলে বারী মাসউদ, শাহ ইফতেখার মুকিম, নেহার উদ্দিন, সহকারী মহাসচিব মুফাতি সৈয়দ এসহাক তরিক মাহামুদ আতুল খায়ের, কে এম আতিকুর রহমান, হাফেজ মাওলানা শেখ ফজলুল করীম মারুফ, দফতর সম্পাদক মাওলানা লোকমান হোসেন জাফরী প্রমুখ।

### বিশ্বকাপ ফাইনাল দেখা

উত্তেজনার সৃষ্টি হয়। আরজেন্টিনার জার্সি পরা একদল যুবক উজ্জ্বল নামের এক যুবককে ধরে বেধড়ক মারধর করেন। ঘটনার ভিত্তিও দ্রুত সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ছড়িয়ে পড়ে। সেখানে থাকা রাকিব নামের এক প্রত্যক্ষদর্শী জানান, এক মেয়ের সঙ্গে মোতাভেন আচরণ করার অভিযোগে ওই যুবককে মারধর করা হয়েছে। বিপুল সংখ্যক মানুষের উপস্থিতিতে নিরাপত্তা ব্যবস্থা পর্যাপ্ত ছিল না বলে অভিযোগ করেছেন দর্শকেরা। সজল দাস নামের এক দর্শক বলেন, ‘বড়পর্দায় খেলা দেখতে পরিবাস্যই এসেছিলাম। কিন্তু এখানে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কোনো সদস্যকে কার্যকর ভূমিকায় দেখা যায়নি। চরম ঝুঁকির মধ্যে আমাদের খেলা দেখতে হয়েছে।’ পরিস্থিতি কিছুটা উত্তপ্ত হলেও পরে তা স্বাভাবিক হয়। খেলা শেষে দর্শকরা যার যার মতো বাড়ি ফেরেন। তবে নিরাপত্তা নিয়ে দর্শকেরের অভিযোগ অস্বীকার করেছেন বরিশাল সিটি কর্পোরেশনের জনসংযোগ শাখার প্রশাসনিক কর্মকর্তা স্বপন কুমার দাস। তিনি বলেন, ‘সিটি কর্পোরেশনের নিজস্ব নিরাপত্তা কর্মী ছাড়াও আমরা ক্যোভোয়ালি থানা পুলিশের সহায়তা চেয়েছিলাম এবং তারা নিরাপত্তা দিচ্ছে। মারধরের বিষয়টি দর্শকদের ব্যক্তিগত বিষয়, এতে আমাদের কিছু করার নেই।’ এ বিষয়ে বরিশাল ক্যোভোয়ালি মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আল মামুন উল ইসলাম জানান, মাঠে নারী ও পুরুষ যুগ্মি সদস্য মোতায়েন ছিল। আইনশৃঙ্খলা রক্ষায় কোনো ঘটনা ছিল না। তবে মারধর বা সংঘর্ষের কোনো খবর তাঁর কাছে পৌছায়নি।

### ফুটবল বিশ্বকাপের কারণে

১১৭০ কোটি ডলারের সমপরিমাণ উপদানশীলতা নষ্ট হয়েছে। বাংলাদেশি মুদ্রায় এর পরিমাণ প্রায় ১ লাখ ৪০ হাজার কোটি টাকা। ইউকেজিও প্রতিবেদনে বলা হয়েছে, বিশ্বকাপ দেখতে যুক্তরাষ্ট্রের পাঁচ লাখ কর্মী কাজ থেকে ছুটি নিয়েছেন, অফিসে দেরিতে পৌছেছেন কিংবা নির্দিষ্টত এময়ের অনেক আগেইর কাজ ফেলে বাড়ি ফিরেছেন। কর্মকর্তা নিরাপত্তা ও ব্যবস্থাপনা প্র্যাটফর্ম ‘এনভয়’(Envoy)-এর তথ্য অনুযায়ী, গত ৬ জুলাই শেষ যোবার ম্যাচে কোল্ডিয়ামের কাছে ঘুরে ঘুরন্তিউ টর্নামেন্ট থেকে বিদায় নেো। এর পরদিন, অর্থাৎ মঙ্গলবার (৭ জুলাই) সোমটিজি টিবিউ অফিসে কর্মীদের উপস্থিতি এক ধাক্কায় ২৬ শতাংশ কমে যায়। মার্কিন যুক্তরাষ্ট্রের জনপ্রিয় খেলা ‘সুপার বোল’ (Super Bowl) ফাইনালের পরদিন অফিসে যে পরিমাণ অনুপস্থিতি থাকে, এই হার ছিল তার চেয়ে প্রায় ১০ গুণ বেশি। শুধু কর্মীদের অনুপস্থিতিই নয়, সেদিন ক্রানেক্টিকি, ইন্টারভিউ ও বিভিন্ন ব্যবসায়িক সাক্ষাৎকারের ৩২ শতাংশ কমে যায়। এনভয় এই অভূতপূর্ব পরিস্থিতির ‘কনকআউট টিউসডে’ (Knockout Tuesday) নাম দিয়েছে। মূলত স্বাগতিক যুক্তরাষ্ট্রের খেলা যেসব দিনে ছিল, সেসব দিনেই কর্মীদের ভুব মারার প্রবণতা দেখা গেছে সবচেয়ে বেশি। যুক্তরাষ্ট্র টর্নামেন্ট থেকে ছিটকে যাওয়ার পর অবশ্য অফিসে উপস্থিতির হার ধীরে ধীরে স্বাভাবিক হতে শুরু করে। কাজের ক্ষতি এড়াতে এবং বিশ্বকাপ ঢালাকালী আয়োজক শরৎকালেে অতিরিক্ত ট্রাফিক জামা এড়াতে জ্রেপি মরণান চেস, গোডামুন স্যান্ড ও এস আ্যড পির মতো বহুজাতিক প্রকাা প্রতিষ্ঠানগুলো মাঠের দিনগুলোতে কর্মীদের বাড়ি থেকে কাজের জন্য উৎসাহ দিয়েছিল।

## হামের উপসর্গে আরও

সবচেয়ে বেশি। এ বিভাগে হাম ও উপসর্গ নিয়ে মৃত্যু হয়েছে ৩৬২ জন। এই হিসাব গত ১৫ মার্চ সকাল ৮টা থেকে ২০ জুলাই সকাল ৮টা পর্যন্ত সময়ের।

### হামলা হলে হরমজু প্রণালি দিয়ে

যুক্তরাষ্ট্রের ‘আত্মশাস’ চলতে থাকবে, তদদিন হরমজু প্রণালি নিরাপদ থাকবে না। তারা সতর্ক করে বলেছে, এই পথ দিয়ে প্রট্রোকেমিক্যাল পণ্য, এমনকি ‘এক ফৌটা তেল বা গ্যাসও’ নিরাপদে পরিবহন করা সম্ভব হবে না। এ ছাড়া আইআরজিসি মার্কিন সামরিক বাহিনীকে একটি ‘শান্তিমূলক অভিযান’-এর জন্য প্রস্তুত থাকার ইশারার দিয়েছে। এদিকে আইআরজিসি দাবি করেছে, তারা ব্যালিস্টিক ক্ষেপণাস্র দিয়ে জর্ডানের আকাবা হিমালবন্দরে অবস্থানর মার্কিন সামরিক বিমানকে লক্ষ্য করে হামলা চালিয়েছে। সোমবার আইআরজিসি আরও দাবি করে, হরমজু প্রণালি একটি কর্তৃত অনিরাপদ দক্ষিণাঞ্চলীয় পথ দিয়ে চলাচলের চেষ্টা করার সময় দুটি তেলবাহী ট্যাংকারের বিস্ফোরণ ঘটে এবং সেগুলো অচল হয়ে পড়ে। তাদের অভিযোগ, মার্কিন সামরিক বাহিনী ওই জাহাজগুলোকে এই পথ ব্যবহার করতে উৎসাহিত করেছিল। আইআরজিসির বিবৃতিতে জাহাজ দুটির নাম, কোন দেশের পতাকাবাহী ছিল, ক্রুদের পরিচয় বা কোনো হতাহতের তথ্য উল্লেখ করা হয়নি। বার্তা সংস্থা রয়টার্স জানিয়েছে, তারা তাৎক্ষণিকভাবে এ দাবিগুলো স্বাধীনভাবে যাচাই করতে পারেনি।

### ঝালকাঠিতে বালুবিরোধী অভিযান

৩০ হাজার টাকা অর্থদণ্ড প্রদান করা হয়। ১৩ জুলাই ঝালকাঠি পৌরসভার ৩ নম্বর ওয়ার্ডের কক্ষকাঠি সংলগ্ন সূফকা নদীতে অভিযান চালানো হয়। বাড়মহালা ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ এবং নৌ-চালান অধ্যাদেশ, ১৯৭৬ লঙ্ঘনের দায়ে একটি বাস্হভেড জন্ম করে নৌ-পুলিশের জিম্মায় দেওয়া হয়। এ বিষয়ে নিয়মিত মামলায় জন্য বাংলাদেশি সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে (ওসি) নির্দেশ প্রদান করা হয়েছে। তবে ঘটনাস্থলে অভিযন্তাদের না পাওয়ায় কাউকে তাক্ষণিক জরিমানা করা সম্ভব হয়নি। ১৯ জুলাই সদর উপজেলার গাথান স্বেত ও গাথবান চ্যানেল সংলগ্ন এলাকায় পুনরায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। অনুমতিবিহীন বাস্হভেডের মাধ্যমে অধৈধভাবে বালু পরিবহনের দায়ে এক ব্যক্তিকে অভ্যন্তরীণ নৌ-পরিবহন অধ্যাদেশ, ১৯৭৬-এর সংশ্লিষ্ট ধারায় ৩০ হাজার টাকা অর্থদণ্ড করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক মো. হাজির হোসেন জানান, নদী তীরবর্তী পরিবহন রক্ষা এবং সরকারি বিধি-নিষেধ মানানাকারী আলাপ চক্রের বিরুদ্ধে জনস্বার্থে এ ধরনের অভিযান নিয়মিতভাবে অব্যাহত থাকবে।

### স্ত্রীর সঙ্গে অভিমান

ফিরে এসে ঘরের আড়ার সঙ্গে আকবরকে বুলন্ত অবস্থায় দেখতে

পান। পরে স্থানীয়দের সহযোগিতায় বকে উদ্ধার করা হলেও ততক্ষণে তার মৃত্যু হয়। প্রতিবেশী সুনম বলেন, দীর্ঘদিনের অসুস্থতা ও অভাব-অনটনের কারণে আকবর মানসিকভাবে বিপর্যস্ত হয়ে পড়েছিলেন। তবে কী কারণে তিনি এমন সিদ্ধান্ত নিনেন, তা কেউ নিশ্চিতভাবে বলতে পারছেন না। স্থানীয়দের ধারণা, দীর্ঘদিনের শারীরিক অসুস্থতা এবং তা নিয়ে পারিবারিক অভিমান থেকেই তিনি আত্মহত্যার পথ বেছে নেন। ঘটনার সত্যতা নিশ্চিত করে লাশমোহন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আজিউল ইসলাম বলেন, প্রাথমিকভাবে জানা গেছে, স্ত্রীর সাথে মলোমালিন্য হওয়ায় এবং স্ত্রীকে বাসায় এসে না পাওয়ার অভিমানে আত্মহত্যা করে আকবর। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করে সুরতহাল প্রতিবেদন তৈরি করেছে। মরদেহ ময়নাতদন্তের জন্য জেলা সদর হাসপাতালের মর্গে পাঠানো হচ্ছে। এ ঘটনায় থানায় একটি অপমৃত্যুর মামলা দায়ের করা হয়েছে।

### ভারত থেকে বাংলাদেশে

পতনের পর কোচ তৈরির কাজ স্থগিত করা হয়েছিল। ২০২৬ সালের মে মাস থেকে পুনরায় কাজ শুরু হয়। এর আগে এই চুক্তির আওতায় বাংলাদেশ রেলওয়েকে ১২০টি ব্রডগেজ এলএইচবি প্যাসেঞ্জার কোচ, ৩৬টি ব্রডগেজ লোকোমোটিভ এবং ১০টি মিটারগেজ লোকোমোটিভ পাঠানো হয়েছিল। বাংলাদেশ থেকে নতুন এই ২০০ কোচ পাঠানোর ফরমালেশ্যেচ রাইটসের উল্লেখ্যযোগ্য সাক্ষ্য্য হিসেবে উল্লেখ করে রাইটসের চেয়ারম্যান এবং ব্যবস্থাপনা পরিচালক রাহুল মিখাল। তিনি আরও জানান, প্রথম চালান হিসেবে ২০টি কোচ শিগগিরই পাঠানো হবে বাংলাদেশে। রাইটস লিমিটেড রেল মন্ত্রণালয়ের অধীস্থত একটি প্রতিষ্ঠান, যা পরিবহন পরিকাঠামোকে বিশেষজ্ঞ এবং রেল, মহাসড়ক, বিমানবন্দর ও নগর পরিবহনের জন্য পরিকল্পনা থেকে শুরু করে চালু করা পর্যন্ত পরিষেবা প্রদান করে। এটি বিশ্বব্যাপী ভারতীয় রেলের রোলিং স্টকের রপ্তানি শাখা হিসেবেও কাজ করে। এদিকে বাংলাদেশের সূত্র এলএইচবিতে জানিয়েছে যে, কলকাতা থেকে ঢাকা পর্যন্ত চলাচলকারী মৈত্রী এক্সপ্রেস পুনরায় চালু করার বিষয়ে সেক্ষেত্রেই আলোচনা শুরু হওয়ার সম্ভাবনা রয়েছে। ট্রেনটি যখন চালু ছিল, সে সময় পশ্চিমবঙ্গের সীমান্ত পেরিয়ে ৩৭৫ কিলোমিটার পথ পাড়ি দিয়ে ৯ ঘণ্টায় ঢাকায় পৌঁছাত। ২০০৮ সালে উদ্বোধনের পর থেকে ট্রেনটিতে যাত্রীর সংখ্যা বেশি থাকলেও, ২০২৪ সালে বাংলাদেশের রাজনৈতিক অস্থিরতার কারণে এর চলাচল স্থগিত করা হয়েছিল। ২০১৭ সালের এপ্রিলে তৎকালীন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং বাংলাদেশের তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা যৌথভাবে কলকাতা থেকে খুলনা পর্যন্ত দ্বিতীয় মৈত্রী এক্সপ্রেস রুটের উদ্বোধন করেছিলেন। উল্লেখ্য, ২০২৪ সালের শিল্পক-জনতা অভ্যুত্থানে আগওয়ামী লীগ সরকারের পতনের পর বাংলাদেশিদের পর্যটন ভিসা প্রদান বন্ধ করে দিয়েছিল ভারত। গত মাসে এই ভিসা ফের চালু করা হয়েছে বলে গত মাসে ঘোষণা দিয়েছেন বাংলাদেশে নিযুক্ত ভারতের রত্নদ্রুত দীনেশ ত্রিবেদী।

### আলতাফ হোসেন চৌধুরীর বিরুদ্ধে

সম্পাদক মাকসুদ আহমেদ বায়েজিদ পাল্লা, সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন জেলা আইনজীবী সমিতির সাবেক সভাপতি অ্যাডভোকেট ওয়াহিদ সরোয়ার কামাল, পটুয়াখালী জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট মুজিবুর রহমান দুলাল, সাবেক সভাপতি এডভোকেট মোজাম্মেল হোসেন তপন, জেলা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক এডভোকেট তৌফিক আলী খান কবির, জেলা আইনজীবী ফোরামের সাবেক সভাপতি এডভোকেট মহসিন, জেলা আইনজীবী সমিতি ও জেলা আইনজীবী ফোরামের সাবেক সারোগ সম্পাদক এডভোকেট শরীফ মোহাম্মদ সালাউদ্দিন, জেলা আইনজীবী সমিতির সারোগ সম্পাদক অ্যাডভোকেট মোহাম্মদ আরিফ হোসেন , জেলা মহিলা দলের সাবেক সারোগ সম্পাদক জেসমিন জাফর, জেলা যুবদল নেতা এডভোকেট আল আমিন সূজন প্রমুখ। লিখিত বক্তব্য তিনি বলেন, সরকার কর্তৃক অধৈধ স্বাধীন উচ্ছেদ চলমান রয়েছে, ভেঙ্গে ফেলা স্থাপনাটি সরকার কাঁচা উচ্ছেদ কিনা, না কোন দরুঁততা ভঙ্গের লোভেই সেটা তদন্তের মাধ্যমে নিশ্চিত হওয়া দরকার। কিন্তু তা না







## হামলা হলে হরমুজ প্রণালি দিয়ে ‘এক ফোঁটা’ তেল-গ্যাসও যাবে না: ইরান

কীর্তনখোলা ডেস্ক

যুক্তরাষ্ট্রের হামলা অব্যাহত থাকলে হরমুজ প্রণালি দিয়ে ‘এক ফোঁটা’ তেল বা গ্যাসও যেতে দেওয়া হবে না বলে ইশিয়ারি দিয়েছে ইরান। ইরানের ইসলামিক রেভলুশনারি গার্ড কর্পস (আইআরজিসি) জানায়, যতদিন পর্যন্ত তাদের অঞ্চলে ৩ এর পাতায় দেখুন



## কোটি টাকার শিশু পার্ক এখন গরু-ছাগলের চারণভূমি

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুর সদর উপজেলার বলেশ্বর নদীর তীরে শেষে শহরের মানুষের বিনোদনের জন্য খুমুরিয়া এলাকায় একটি শিশু পার্ক নির্মাণের উদ্যোগ নিয়েছিল জেলা পরিষদ। প্রাকৃতিক সৌন্দর্য উপভোগের পাশাপাশি শিশু-কিশোরদের জন্য একটি আধুনিক বিনোদন কেন্দ্র গড়ার লক্ষে এই উদ্যোগ নেয়া হয়। তবে ৫ বছর আগে সরকারি ৫ একর ৪৬ শতক জমিতে ২০২০-২১ অর্থবছরে ১ কোটি ১৩ লাখ ২১ হাজার ৯২৪ টাকা ব্যয়ে শুধুমাত্র সীমানা প্রাচীর নির্মাণ করা হয়। পরে প্রায় ১০ লাখ টাকা ব্যয়ে উপভোগের পাশাপাশি শিশু-এরপর প্রকল্পের কাজ আর এগোয়নি। অব্যত ও অবহেলায়

পড়ে থাকা পার্কটি সাধারণ মানুষের কোনো কাজেই আসছে না। স্থানীয় বাসিন্দা জয়নাল শিকদার বলেন, ‘এই পার্কের নির্মাণকাজ শুরু হয়েছে বেশ কয়েক বছর আগে। কিন্তু কাজের উল্লেখযোগ্য কোনো অগ্রগতি আমরা দেখতে পাচ্ছি না। বিগত সময় শুনেছি কোটি টাকার উপরে বরাদ্দ ৩ এর পাতায় দেখুন

ভাড়া প্রতিনিধি মৌসুমি বায়ুর প্রভাব ও অব্যাহত বৃষ্টিপাতে মেঘনার পানির চাপ বৃদ্ধিসহ তীব্র স্রোতে ভোলা শহর রক্ষা বাধের ইলিশা অংকের বহু এলাকায় ভাঙন শুরু হয়েছে। এতে ইলিশা লক্ষঘাট এলাকায় সিসি ব্লক ধসে গেছে। অব্যাহত ভাঙনের ফলে হুমকির মুখে পড়েছে ভোলা শহর রক্ষাবাঁধ। স্থানীয়দের আশঙ্কা, দ্রুত কার্যকর ব্যবস্থা না নিলে সরেজমিন ইলিশা এলাকায় গিয়ে দেখা গেছে, ভাঙন ছড়িয়ে পড়তে পারে ৩ এর পাতায় দেখুন

## ভারত থেকে বাংলাদেশে আসছে ২০০ ব্রডগেজ রেলকোচ

কীর্তনখোলা ডেস্ক

ভারত থেকে ২০০টি ব্রডগেজ রেলকোচ বাংলাদেশে আসছে। আগামী আগস্টের শুরু থেকে ২০২৭ সালের ডিসেম্বর পর্যন্ত ধাপে ধাপে আসবে কোচগুলো। ২০২৪ সালে তৎকালীন আওয়ামী লীগ শাসনামলে ভারতের রেল বিভাগের অধীন রপ্তানি সংস্থা রেল ইন্ডিয়া টেকনিক্যাল অ্যান্ড ইকোনমিক সার্ভিসের (রাইটস) সঙ্গে ৯১৫ কোটি রুপির একটি চুক্তি করেছিল বাংলাদেশের সরকার। এই প্রকল্পে বাংলাদেশকে অর্থ সহায়তা দিয়েছে ইউরোপিয়ান ইনভেস্টমেন্ট ব্যাংক (ইআইবি)। ভারতের পাঞ্জাব রাজ্যের কাপুরথলা এলাকায় অবস্থিত রেল কারখানা কোচ ও লোকোমোটিভগুলো তৈরির কাজ চলছে বলে জানিয়েছে এনডিটিভি। ২০২৪ সালের আগস্টে আওয়ামী লীগ সরকারের ৩ এর পাতায় দেখুন

## স্ত্রীর সঙ্গে অভিমান করে দিনমজুরের ‘আত্মহত্যা’

লালমোহন প্রতিনিধি

ভোলায় লালমোহন পৌরসভার ৫ নম্বর ওয়ার্ডে স্ত্রীর সঙ্গে অভিমান ও দীর্ঘদিনের শারীরিক অসুস্থতার কারণে মানসিকভাবে ভেঙে পড়ে এক দিনমজুর আত্মহত্যা করেছেন বলে জানিয়েছে পুলিশ। নিজ বাড়ির ঘরের সামনে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যার ঘটনা ঘটে। নিহত দিনমজুর আকবর (৩৫) লালমোহন পৌরসভার ৫ নম্বর ওয়ার্ডের হানিফ নিয়ার ছেলে। এ বিষয়ে নিহতের বড় ভাই মাহবুব জানান, আকবর দীর্ঘদিন ধরে পেটের ব্যথায় ভুগছিলেন। বিভিন্ন চিকিৎসকের শরণাপন্ন হলেও তার অবস্থার তেমন উন্নতি হয়নি। ঘনানার দিনও তিনি অসুস্থতার কথা জানাচ্ছিলেন। এ সময় স্ত্রী কুলসুম (২৮) তাকে চিকিৎসকের কাছে নিয়ে যাওয়ার কথা বলে পাশের বাড়িতে যান। কিছুক্ষণ পর ৩ এর পাতায় দেখুন

## কীর্তনখোলা

আত্মত্যাগী প্রতিদিন

বরিশাল ৯ মঙ্গলবার ৯ ২১ জুলাই ২০২৬ ৯ ০৬ শ্রাবণ ১৪৩৩

## ভুয়া চালানে আসামির জামিনের ঘটনায় আদালতে তোলপাড়

বরগুনা প্রতিনিধি

বরগুনার আদালতে ভুয়া চালান ফরম জমা দিয়ে মো. মাহবুবুল আলম নামে এক আসামির জামিন নেওয়ার ঘটনা ঘটেছে। বিষয়টি নিয়ে জেলা আইনজীবী সমিতি ও জজ আদালতে ফোর্ডের সৃষ্টি হয়েছে। ফরমটি

সত্যায়িত করে আদালতে জমা দেওয়া আইনজীবী মো. গোলাম মোস্তফা সুমন এ ঘটনায় আদালতে ক্ষমা প্রার্থনা চেয়ে আবেদন করেছেন। অন্যদিকে এমন প্রতারণার বিচার দাবি করেছেন জেলা আইনজীবী সমিতি ও ভুক্তভোগী পরিবার।

আদালত ও মামলার বাদী সূত্রে জানা গেছে, ২০১৮ সালের ২৩ অক্টোবর মামলার বাদী বরগুনা শহরের শহীদ স্মৃতি সড়কের মো. শাহজালাল বিদ্যাহর কাছ থেকে একটি নন জুডিসিয়াল স্ট্যাম্পে লিখিত দিয়ে ব্যবসায়ের কাছে ১০ লাখ ৩ এর পাতায় দেখুন

## মেঘনার তীব্র স্রোতে ভোলা শহর রক্ষাবাঁধে ধস

ভোলা প্রতিনিধি

মৌসুমি বায়ুর প্রভাব ও অব্যাহত বৃষ্টিপাতে মেঘনার পানির চাপ বৃদ্ধিসহ তীব্র স্রোতে ভোলা শহর রক্ষা বাধের ইলিশা অংকের বহু এলাকায় ভাঙন শুরু হয়েছে। এতে ইলিশা লক্ষঘাট এলাকায় সিসি ব্লক ধসে গেছে। অব্যাহত ভাঙনের ফলে হুমকির মুখে পড়েছে ভোলা শহর রক্ষাবাঁধ। স্থানীয়দের আশঙ্কা, দ্রুত কার্যকর ব্যবস্থা না নিলে সরেজমিন ইলিশা এলাকায় গিয়ে দেখা গেছে, ভাঙন ছড়িয়ে পড়তে পারে ৩ এর পাতায় দেখুন



ভাঙনের তীব্রতা। সেখানকার ফেরিঘাট, লক্ষঘাট ও মাছঘাটসহ গুরুত্বপূর্ণ স্থাপনা এখন নদীর ভাঙনে বিলীন হয়ে যাচ্ছে। ইতোমধ্যেই বন্ধ হয়ে গেছে ইলিশা লক্ষ ঘাটের কয়েকটি গুরুত্বপূর্ণ স্থাপনার কার্যক্রম। ফলে দুর্ভোগের মধ্যে পড়েছেন যাত্রীরা।

## ম্যাজিস্ট্রেটের সই জাল করে মামলার চেষ্টা, তিনজনের বিরুদ্ধে মামলা

ঢাকার ম্যাজিস্ট্রেটের সই ও সরকারি সিল জাল করে একটি বিয়ের হলফনামা তৈরি এবং সেই নথি ব্যবহার করে সংশ্লিষ্ট ম্যাজিস্ট্রেটের বিরুদ্ধেই মামলা করার চেষ্টার অভিযোগে বরগুনার এক আইনজীবীসহ তিনজনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। রোববার রাতে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আরিফুল ইসলামের অফিস সহকারী (কাম-কম্পিউটার অপারেটর) খালিদ হোসেন বাদী হয়ে মামলাটি করেন। মামলার আসামিরা হলেন বরগুনা আইনজীবী সমিতির সদস্য তরিকুল ইসলাম (তরু) ফরাজী, মো. নাসন ও ফাহিমা ইসলাম।

রিয়াজ আরভিআই ইসলামের সত্যতা যাচাইয়ের জন্য নথিটির একটি ফটোকপি আদালতে পাঠানো হয়। শ্মারক নম্বর যাচাই করতে গিয়ে অফিস সহকারী দেখতে পান, রেজিস্টারে একই নম্বর অন্য একজনের নামে নিবন্ধিত রয়েছে। এতে নথিটির সত্যতা নিয়ে সন্দেহ তৈরি হয়। পরবর্তীতে যাচাই করে অভিযোগ করা হয়, ম্যাজিস্ট্রেট আরিফুল ইসলামের সই ও সিল জাল করে একটি নোটটির হলফনামার কাউন্টার ৩ এর পাতায় দেখুন

## আসাদুজ্জামানকে ফেরত চেয়ে দিল্লিকে ঢাকার চিঠি

কীর্তনখোলা ডেস্ক

জুলাই গণ-অভ্যুত্থানের সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধে মৃতদণ্ডপ্রাপ্ত সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালকে ফেরত চেয়ে সম্প্রতি ভারতকে চিঠি দেওয়া হয়েছে বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শোমা ওবায়দুল ইসলাম। সোমবার (২০ জুলাই) দুপুরে রাজধানীর রমনায় বিস মিলনায়তনে এক সেমিনার শেষে তিনি এ কথা জানান। শামা ওবায়দে বলেন, সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালকে ফেরত চেয়ে ভারতকে চিঠি দেওয়া হয়েছে। ভারতে যারা পালিয়ে আছেন, তাদের ফেরাতে ভিন্ন ভিন্ন চিঠি দেওয়া হয়েছে বলেও জানান তিনি।

২০২৫ সালের ২৫ নভেম্বর বাংলাদেশ সরকারের পক্ষ থেকে শেখ হাসিনা ও আসাদুজ্জামান খানকে প্রত্যর্পণের আওতায় আনতে একটি চিঠি দেওয়া হয়েছিল। ট্রাইব্যুনাল জানিয়েছেন, আবারও আসাদুজ্জামান খানকে ফেরত চেয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে ভারতকে চিঠি দেওয়া হয়েছে। এটি কি দ্বিতীয় দফার চিঠি? ৩ এর পাতায় দেখুন

## সাইফুজ্জামানের ফ্ল্যাট থেকে উদ্ধার দেড় হাজার বিলাসবহুল পণ্য

কীর্তনখোলা ডেস্ক

আওয়ামী সরকারের আলোচিত সাবেক ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেনদের গুলশানের দুই ফ্ল্যাটে দুই দিনব্যাপী অভিযান শেষ করেছে দুর্নীতি দমন কমিশনের (দুদক) বিশেষ টিম। গুলশানের ৬৬ নম্বর রোডে নর্থওয়েস্ট বি ব্লকের ৩ এর পাতায় দেখুন



## কুয়াকাটায় জেলের জালে ২০ কেজির বিরল সামুদ্রিক শোল

কুয়াকাটা প্রতিনিধি

পটুয়াখালীর কুয়াকাটা সংলগ্ন বঙ্গোপসাগরের গভীর সমুদ্রে এক জেলের জালে ধরা পড়েছে প্রায় ২০ কেজি ওজনের দানবাকৃতির একটি শোল মাছ। টানা ৯ দিন গভীর সমুদ্রে ফিশিং শেষে এমন বিরল মাছ পাওয়ায় সব কষ্ট যেন মুহূর্তেই ভুলে যান ফিশিং বোটের মালিক রুহুল আমিন ও তার জেরেরা। সোমবার ৩ এর পাতায় দেখুন

## পাঁচদিন দেশজুড়ে অব্যাহত বৃষ্টির আভাস

কীর্তনখোলা ডেস্ক

দেশের উত্তরাঞ্চলে মৌসুমি বায়ু সক্রিয় থাকায় আগামী পাঁচদিনে দিন সারা দেশে বৃষ্টিপাতের প্রবণতা অব্যাহত থাকতে পারে। এ সময়ে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণের পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। সোমবার (২০ জুলাই) বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদ ড. মো. ওমর ফারুক এর দেওয়া পূর্বাভাসে এ তথ্য ৩ এর পাতায় দেখুন



## ঝালকাঠিতে সুগন্ধার ভাঙনে ভিটেমাটি হারিয়ে নিঃশ্ব নদীপারের মানুষ

ঝালকাঠি প্রতিনিধি

ঝালকাঠির বুক চিরে প্রবাহিত ২১ কিলোমিটার দীর্ঘ সুগন্ধা নদী একদিকে যেমন জেলার নৌযোগাযোগ, মৎস্য সম্পদ আহরণ, অর্থনীতি ও জীবিকার অন্যতম ভিত্তি, অন্যদিকে প্রতিবছর ভয়াবহ নদীভাঙনের মাধ্যমে শত শত পরিবারের জীবনে নেমে আসে দুর্ভোগ। ঝালকাঠি সদর ও নলডাউট উপজেলার বিভিন্ন এলাকা নিয়ে প্রবাহিত এই নদীর তীরবর্তী মানুষের কাছে বর্ষা ৩ এর পাতায় দেখুন



## তেঁতুলিয়ার ভয়াবহ ভাঙন ঝুঁকির মুখে ৫ হাজার পরিবার

বোরহানউদ্দিন প্রতিনিধি

ভোলায় বোরহানউদ্দিন উপজেলার সাচড়া ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডের লক্ষঘাট ও তেঁতুলিয়া নদীর তীরবর্তী এলাকা ভয়াবহ নদীভাঙনের কবলে পড়েছে। প্রতিদিনই নদীর তীব্র স্রোতে ভাঙছে পাড়, নদীগর্ভে বিলীন হচ্ছে বসতিভিট ও ফসলি জমি। বেড়িবাঁধের ওপর ও আশপাশে বসবাসরত প্রায় পাঁচ হাজার পরিবার এখন চরম আতঙ্ক ও অনিশ্চয়তার মধ্যে দিন কাটাচ্ছে। স্থানীয়দের অভিযোগ, বছরের পর বছর ধরে নদীভাঙন চললেও স্থায়ী প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়নি। বর্ষা মৌসুমে তেঁতুলিয়া নদীর স্রোতের তীব্রতা এখাং জলোচ্ছ্বাসের কারণে পরিস্থিতি আরও ভয়াবহ হয়ে উঠেছে। দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ না করলে নদীভাঙন ৩ এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

**ঈশিতা কম্পিউটার**  
All Kinds Of Computer Solution,  
Accessories Selling, Training  
& Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৪৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com